অনুবিভাগ-৭: ইউরোপ

বাংলাদেশ সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন উন্নয়ন কর্মকান্ড বাস্তবায়নের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য অর্থনৈতিক সম্পর্ক বিভাগের ইউরোপ অনুবিভাগ বিভিন্ন ইউরোপীয় উন্নয়ন সহযোগী সংস্থা/ দেশ যথাঃ Department for International Development (DFID), The Swiss Agency for Development and Cooperation (SDC),ফ্রান্স এবং AgenceFrancaise De Development (AFD), ইউরোপীয় ইউনিয়ন (ইইউ), ইউরোপীয় ইনভেস্টমেন্ট ব্যাংক (ইআইবি), বেলজিয়াম, প্রজাতন্ত্রী জার্মান এর কারিগরি সহায়তাদানকারী সংস্থা GIZএবং আর্থিক সহায়তাদানকারী সংস্থা KfW,নেদারল্যান্ডস, ইটালী, রাশিয়ান ফেডারেশন প্রভৃতি উন্নয়ন সহযোগী থেকে অনুদান সহায়তা এবং ঋণ গ্রহণ করে থাকে। রুপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের লক্ষ্যে রাশিয়ান ফেডারেশন সরকার ঋণ সহায়তা প্রদান করছে।

এ অনুবিভাগের আওতায় উন্নয়ন সহযোগী দেশ/সংসস্থাসমূহ মূলত শিক্ষা, স্বাস্থ্য, কৃষি উন্নয়ন, দারিদ্র বিমোচন, মানব সম্পদ উন্নয়ন, শ্রম পরিবেশ ও দক্ষতা উন্নয়ন, সুশাসন ও মানবাধিকার, অর্থনৈতিক ও বাণিজ্যিক উন্নয়ন, পরিবেশ, দুর্যোগ ব্যবস্থাপনা ও জলবায়ু পরিবর্তন, খাদ্য নিরাপত্তা ও পুষ্টি, বিদ্যুৎ ও জ্বালানী, নবায়নযোগ্য জ্বালানী, পরিবহন ও যোগাযোগ অবকাঠামোসহ সামাজিক ও অর্থনৈতিক অবকাঠামো খাতের কর্মসূচীসমূহ বাস্তবায়নে বৈদেশিক সহায়তা প্রদান করে থাকে।

২০১৬-১৭ অর্থবছরে চলমান প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি, খসড়া ঋণ চুক্তি পর্যালোচনা, নতুন প্রকল্পের অর্থায়ন প্রক্রিয়াকরণে আন্তঃমন্ত্রণালয় সভা, নেগোসিয়েশন সভা ও যৌথ কমিশন সভা এবং অন্যান্য সভাসহ ইউরোপ অনুবিভাগে মোট ৫৭ টি সভা অনুষ্ঠিত হয়েছে। ২০১৬-১৭ অর্থ বছরে ইউরোপ অনুবিভাগের আওতায় মোট ১৩টি প্রকল্পের ঋণ/ অনুদান চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

৭.১ ২০১৬-১৭ অর্থবছরে সম্পাদিত গুরুত্বপূর্ণ কার্যাবলীঃ

গত ২৬ জুলাই ২০১৬ তারিখে ১১.৩৮ বিলিয়ন ইউএসডি সম্বলিত ব্যায়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং রাশিয়ান ফেডারেশন সরকারের মধ্যে "রুপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণে মূল পর্যায়ের কাজের জন্য Intergovernmental Credit Agreement (IGCA) স্বাক্ষরিত হয়।

গত ২৪-২৫ অক্টোবর ২০১৬ তারিখে জার্মানীর বার্লিনে German-Bangladesh Negotiation-2016 অনুষ্ঠিত হয়। গত ২২ এবং ২৩ মে ২০১৭ তারিখে ফ্রান্সের প্যারিসে বাংলাদেশ সরকার এবং এএফডির মধ্যে2nd Annual Consultation Meeting অনুষ্ঠিত হয়। ২৩ মে ২০১৭ তারিখে উক্ত সভারSummary Record of Discussionsস্বাক্ষরিত হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব কাজী শফিকুল আযম স্বাক্ষর করেন এবং Mr. Pascal Pacaut Head of Asia Department AFD-AgenceFrancaise de Development উক্ত Record of Discussions-টি স্বাক্ষর করেন।

২০১৬-১৭ অর্থ বছরে ইউরোপ অনুবিভাগে অনুষ্ঠিত স্ব-স্ব উন্নয়ন সহযোগী/সংস্থার সাথে সম্পাদিত গুরুত্বপূর্ণ কার্যাবলী/প্রকল্পসমূহের বর্ণনা নিম্নে প্রদান করা হলঃ

৭.২ গূরুত্বপূর্ণ প্রকল্পের অনুদান/ঋণ চুক্তি স্বাক্ষরের বিবরণীঃ

উন্নয়ন সহযোগীঃ AgenceFrancaise De Development (AFD)

(১) প্রকল্পের নামঃ "A Preparatory Study on Implementation of Paurashavas' Water and Sanitation Master Plan under DPHE"এবং "Developing Capacity Building Framework for Green Industry in RMG Sector"

- চুক্তি স্বাক্ষরের তারিখঃ ১৯.০১.২০১৭

- বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগঃ স্থানীয় সরকার বিভাগ এবং বাণিজ্য মন্ত্রণালয়
- অনুদানের পরিমানঃ ০.৫ মিলিয়ন ইউরো
- প্রকল্প বাস্তবায়নের মেয়াদঃ ১ (এক) বছর

✓ A Preparatory Study on Implementation of Paurashavas' Water and Sanitation Master Plan under DPHE" প্রকল্পের উদ্দেশ্য নিম্নরুপঃ

(a) To identify potential pourashavas for development project for 10 pourashavas (preferably sited on big river bank) out of a list;

(b) To modify and refine the detail drawing and design of selected pourashavas;.

(c) To update the feasibility report of selected pourashavas.'

✓ "Developing Capacity Building Framework for Green Industry in RMG Sector"-শীর্ষক প্রকল্পেরobjectives:

'(a) To find out present conditions of the RMG industries according to the national and international standards for Green Industry aspect;

(b) To identify the potential investment areas for the RMG sector of Bangladesh;

(c) To mapping out the required investment eco-system for capacity building and Green Industry Development, ensuring the factory security retrofits and resource efficiency (energy, water, and chemical) as well as ensuring the 3R (reduce, recycle and reuse) mechanism in the RMG sector'

উল্লেখ্য, উক্ত প্রকল্পদুটির জন্য এএফডির সাথে মাত্র একটি অনুদান চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

উন্নয়ন সহযোগীঃ European Union (EU):

(২) প্রকল্পের নামঃ 'GCCA+ Support for Enhancing Communities Resilience to Climate Changes and Related Disasters'

- চুক্তি স্বাক্ষরের তারিখঃ ২৮ ডিসেম্বর ২০১৬ ।
- বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ : স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
- বাস্তবায়নকারী সংস্থা : স্থানীয় সরকার বিভাগ (এলজিডি)
- অনুদানের পরিমাণ: ০৮ মিলিয়ন ইউরো
- প্রকল্প বাস্তবায়নের মেয়াদ: ডিসেম্বর ২০১৬ হতে সেপ্টেম্বর ২০২২ পর্যন্ত।

প্রকল্পের উদ্দেশ্য: প্রকল্পটির মূল উদ্দেশ্য হল জলবায়ু পরিবর্তনের ক্ষেত্রে কমিনিউটি-ভিত্তিক সহিষ্ণুতা বৃদ্ধি ও অভিযোজনে সহায়তা প্রদানের লক্ষ্যে স্থানীয় সরকার পর্যায়ে একটি সমন্বিত ও উন্নত স্থানীয় পরিকল্পনা পদ্ধতি এবং আর্থিক ব্যবস্থাপনা কাঠামো প্রতিষ্ঠা করা। এ প্রকল্পের মাধ্যমে স্থানীয় পর্যায়ের পরিকল্পনাকে জলবায়ু পরিবর্তনের সাথে সংবেদনশীল করাসহ জলবায়ু পরিবর্তনের ঝুঁকি হ্রাস কল্পে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ এবং ঝুঁকিপূর্ণ পরিবারগুলোকে সহায়তা প্রদান করা হবে।

(৩) প্রকল্পের নামঃ ‘Food and Nutrition Security Program for Bangladesh 2015’

- চুক্তি স্বাক্ষরের তারিখঃ ০৮ ডিসেম্বর, ২০১৬
- বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ : খাদ্য মন্ত্রণালয়
- বাস্তবায়নকারী সংস্থা : খাদ্য মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে জাতিসংঘের কৃষি ও খাদ্য সংস্থা (এফএও) এবং Call for Proposal -এর মাধ্যমে নিয়োগকৃত কতিপয় এনজিও কর্তৃক বাস্তবায়িত হবে
- অনুদানের পরিমাণ: ৮৫.০০ মিলিয়ন ইউরো
- প্রকল্প বাস্তবায়নের মেয়াদ: ডিসেম্বর ২০১৬ হতে ডিসেম্বর ২০২৪ পর্যন্ত।

প্রকল্পের উদ্দেশ্য: কর্মসূচিটির মূল উদ্দেশ্য হল খাদ্য নিরাপত্তাহীনতা এবং অপুষ্টি হ্রাসে সহায়তা প্রদানের মাধ্যমে শিশুর পুষ্টি ও মাতৃ স্বাস্থ্যের উন্নয়ন সাধন করা।

(৪) প্রকল্পের নামঃ Strengthening Inclusion and Participation in Decision Making and Accountability Mechanisms in Bangladesh’ Project

- চুক্তি স্বাক্ষরের তারিখঃ ০৮ ডিসেম্বর, ২০১৬
- বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ : মন্ত্রিপরিষদ বিভাগ
- বাস্তবায়নকারী সংস্থা : প্রকল্পটি মন্ত্রিপরিষদ বিভাগের তত্ত্বাবধানে ব্রিটিশ কাউন্সিল কর্তৃক বাস্তবায়িত হবে
- অনুদানের পরিমাণ: ১৩.০০ মিলিয়ন ইউরো
- প্রকল্প বাস্তবায়নের মেয়াদ: ডিসেম্বর ২০১৬ হতে ডিসেম্বর ২০২২ পর্যন্ত।

প্রকল্পের উদ্দেশ্য: প্রকল্পটির মূল উদ্দেশ্য হল সরকারের সিদ্ধান্ত গ্রহণ এবং জবাবদিহি প্রক্রিয়ায় সাধারণ নাগরিক এবং সিভিল সোসাইটি অর্গানাইজেশনের কার্যকর অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে অধিকতর উপযোগী পরিবেশ সৃষ্টি করা।

(৫) প্রকল্পের নামঃ "Skills 21 – Empowering Citizens for Inclusive and Sustainable Growth"

- চুক্তি স্বাক্ষরের তারিখঃ ১২ ডিসেম্বর, ২০১৬
- বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ : শিক্ষা মন্ত্রণালয়
- বাস্তবায়নকারী সংস্থা : কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- অনুদানের পরিমাণ: ২০.০০ মিলিয়ন ইউরো
- প্রকল্প বাস্তবায়নের মেয়াদ: ডিসেম্বর ২০১৬ হতে ডিসেম্বর ২০২২ পর্যন্ত।

প্রকল্পের উদ্দেশ্য: প্রকল্পটির মূল উদ্দেশ্য হল শ্রম বাজারের চাহিদা অনুযায়ী একটি সমন্বিত, চাহিদা-চালিত (Demand driven)এবং পরস্পর সম্পর্কিত দক্ষতা উন্নয়ন পদ্ধতি প্রতিষ্ঠার মাধ্যমে দেশের উৎপাদনশীলতা বৃদ্ধি এবং অধিকতর ভাল কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।

উন্নয়ন সহযোগীঃ The Russian Federation

(৬) প্রকল্পের নামঃ রুপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপন (মূল পর্যায়)

- চুক্তির নামঃ Intergovernmental Credit Agreement (IGCA)
- চুক্তি স্বাক্ষরের তারিখঃ ২৬ জুলাই ২০১৬
- বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ : বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

- বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন
- ঋণের পরিমাণ: ১১.৩৮বিলিয়ন মার্কিন ডলার (৯১,০৪০,০০.০০ লক্ষ টাকা)
- প্রকল্প বাস্তবায়নের মেয়াদ: জুলাই ২০১৬-ডিসেম্বর ২০২৫

প্রকল্পের উদ্দেশ্য: রুপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের মূল কার্যক্রম সম্পাদন ও সেবা প্রদান করা

গত ২৬ জুলাই ২০১৬ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং রাশিয়ান ফেডারেশন সরকারের মধ্যে "রুপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণে মূল পর্যায়ের কাজের জন্য Intergovernmental Credit Agreement (IGCA)স্বাক্ষরিত হয়।

উন্নয়ন সহযোগীঃ Federal Republic of Germany:

(৭) প্রকল্পের নামঃ 'Social and Labour Standards in the Textile and GarmentSector in Asia (SLSG)

- মন্ত্রণালয়/বিভাগের নামঃ বাণিজ্য মন্ত্রণালয়
- চুক্তি স্বাক্ষরের তারিখঃ ১৪ জুলাই ২০১৬
- অনুদানের পরিমানঃ ৫ মিলিয়ন ইউরো অর্থাৎ (প্রায় ৫.৬৮ মিলিয়ন মার্কিন ডলার)
- বাস্তবায়নকালঃ মার্চ ২০১৬-জানুয়ারি ২০১৮
- উন্নয়ন সহযোগীঃ G I Z

চুক্তির উদ্দেশ্যঃ বাংলাদেশের টেক্সটাইল এবং গার্মেন্টস শিল্পের শ্রমিকদের সামাজিক ও শ্রমমান উন্নত করার লক্ষ্যে সরকারি ও বেসরকারি এবং এশিয়ার অন্যান্য দেশের (কম্বোডিয়া, পাকিস্তান, মায়ানমার ও চীন) এ খাতের সাথে জড়িত সংশ্লিষ্টদের মধ্যে আন্তঃ ও আঞ্চলিক সহযোগিতা ও যোগাযোগ জোরদার করা।

(৮) চুক্তির নামঃ Study and Expert Fund- Strengthening the Capacity of the Economic Relations Division (ERD) of the Ministry of Finance-Improving Bangladesh-German Cooperation

- মন্ত্রণালয়/বিভাগের নামঃ ইউরোপ উইং, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- চুক্তি স্বাক্ষরের তারিখঃ ২১ সেপ্টেম্বর ২০১৬
- ঋণ ও অনুদানের পরিমানঃ ০.১৫ মিলিয়ন ইউরো (প্রায় ০.১৭ মিলিয়ন মার্কিন ডলার)

- বাস্তবায়নকালঃ সেপ্টেম্বর ২০১৬/আগষ্ট ২০১৭
- উন্নয়ন সহযোগীঃ GIZ

চুক্তির উদ্দেশ্যঃ ইআরডি (ইউরোপ উইং) এবং জার্মান ডেভেলপমেন্ট কো-অপারেশন (GDC)এর মধ্যকার কার্যক্রম সংশ্লিষ্ট পারস্পরিক সমঝোতা আরো বৃদ্ধি করা এবং প্রকল্প/কর্মসূচি অধিকতর কার্যকর ও দক্ষ পদ্ধতিতে সমন্বয় ও বাস্তবায়নে ভূমিকা পালন করা।

গত ২১ সেপ্টেম্বর ২০১৬ তারিখে প্রজাতন্ত্রী জার্মান সরকার এবং বাংলাদেশ সরকারের মধ্যে ০.১৫ মিলিয়ন ইউরো সম্বলিত একটি অনুদান চুক্তি স্বাক্ষরিত হয়।

(৯) চুক্তির নামঃ 'Resilient and Inclusive Urban Development (RUID)'

- মন্ত্রণালয়/বিভাগের নামঃ স্থানীয় সরকার বিভাগ
- চুক্তি স্বাক্ষরের তারিখঃ ২৩ নভেম্বর ২০১৬
- অনুদানের পরিমানঃ ৩.৫ মিলিয়ন ইউরো অর্থাৎ (প্রায় ৩.৯৭ মিলিয়ন মার্কিন ডলার)
- বাস্তবায়নকালঃ জুলাই ২০১৬-ডিসেম্বর ২০১৮
- উন্নয়ন সহযোগীঃ GIZ

চুক্তির উদ্দেশ্যঃ নির্বাচিত কিছু সিটি কর্পোরেশন এবং পৌর সভায় জলবায়ু পরিবর্তনজনিত বিরূপ প্রভাব মোকাবিলায় দরিদ্র জনগোষ্ঠি বিশেষত বস্তিবাসী জনগণের অভিযোজন সামর্থ্য বৃদ্ধি ও মৌলিক সেবা প্রাপ্তির সুযোগ সৃষ্টি।

(১০) চুক্তির নামঃ 'Climate Change Adaptation in Urban Development Program (Barishal Component)

- মন্ত্রণালয়/বিভাগের নামঃ স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
- চুক্তি স্বাক্ষরের তারিখঃ ১২ ফেব্রুয়ারি ২০১৭
- অনুদানের পরিমানঃ ১১.৪ মিলিয়ন ইউরো অর্থাৎ (প্রায় ১২.৯৫ মিলিয়ন মার্কিন ডলার)
- বাস্তবায়নকালঃ
- উন্নয়ন সহযোগীঃ KfW

চুক্তির উদ্দেশ্যঃ বরিশাল সিটি কর্পোরেশনে জলবায়ু পরিবর্তনের সাথে অভিযোজনে সক্ষম অবকাঠামো নির্মাণ ও পুনর্বাসন ব্যবস্থার উন্নতকরণ।

গত ১২ ফেব্রুয়ারি ২০১৭তারিখে প্রজাতন্ত্রী জার্মান সরকার এবং বাংলাদেশ সরকারের মধ্যে ১১.৪ মিলিয়ন ইউরো সম্বলিত একটি অনুদান চুক্তি স্বাক্ষরিত হয়।

উন্নয়ন সহযোগীঃ Netherlands

(১১) চুক্তির নামঃ চুক্তির নামঃ 'Program for Integrated Sustainable Economic Development by Improving the Water and Productive Sectors in Selected Polders (Blue Gold Program)'

- মন্ত্রণালয়/বিভাগের নামঃ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
- চুক্তি স্বাক্ষরের তারিখঃ ২৯ ডিসেম্বর ২০১৬
- অনুদানের পরিমানঃ অতিরিক্ত ১২.০৭ মিলিয়ন ইউরো অর্থাৎ (প্রায় ১৩.৭১ মিলিয়ন মার্কিন ডলার)
- বাস্তবায়নকালঃ জানুয়ারি ২০১৩ /ডিসেম্বর ২০১৮
- উন্নয়ন সহযোগীঃ Netherlands

চুক্তির উদ্দেশ্যঃ খুলনা ও রাজশাহী অঞ্চলে বসবাসরত জলবায়ু পরিবর্তনের কারনে সৃষ্ট জলবায়ু অভিবাসীদের মৌলিক সেবা প্রদান ও প্রয়োজনীয় অবকাঠামোগত সহায়তা প্রদানের মাধ্যমে জীবনযাত্রার মান উন্নয়ন করা।

(১২) চুক্তির নামঃ "Formulation of the Bangladesh Delta Plan (BDP) 2100"

- মন্ত্রণালয়/বিভাগের নামঃ ধারণ অর্থনীতি বিভাগ
- চুক্তি স্বাক্ষরের তারিখঃ ১৯ জানুয়ারি ২০১৭
- অনুদানের পরিমানঃ অতিরিক্ত ১.০৮ মিলিয়ন ইউরো অর্থাৎ (প্রায় ১.২৩ মিলিয়ন মার্কিন ডলার)
- বাস্তবায়নকালঃ জুলাই ২০১৩/ডিসেম্বর ২০১৭
- উন্নয়ন সহযোগীঃ Netherlands

চুক্তির উদ্দেশ্যঃ বাংলাদেশের পানি সম্পদের সুষ্ঠু ব্যবহার ও খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণসহ টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যে একটি দীর্ঘ মেয়াদি কাঠামো ও পরিকল্পনা প্রণয়ন করা।

(১৩) চুক্তির নামঃ “Implementation Phase and Operation and Maintenance Phase of Rehabilitation of Water Management Infrastructure in Bhola”

- মন্ত্রণালয়/বিভাগের নামঃ পানি সম্পদ মন্ত্রণালয়
- চুক্তি স্বাক্ষরের তারিখঃ ২৯ ডিসেম্বর ২০১৬
- অনুদানের পরিমানঃ ২২.৯ মিলিয়ন ইউরো অর্থাৎ (প্রায় ২৬.০০ মিলিয়ন মার্কিন ডলার)
- বাস্তবায়নকালঃ
- উন্নয়ন সহযোগীঃ Netherlands

চুক্তির উদ্দেশ্যঃ ভোলা জেলার চারপাশের ডাইক, বাঁধসমূহ শক্তিশালীকরণসহ যে সমস্ত এলাকা মারাত্মক ভাঙ্গনের সম্মুখীন সেগুলোকে ঝড়/জলবায়ু পরিবর্তনের প্রভাব, প্রাকৃতিক দুর্যোগ, আর্সেনিক দূষণ, লবণ পানির অনুপ্রবেশ রোধ, জলাবদ্ধতা, নদী ভাঙ্গন, জলোচ্ছ্বাস সমস্যা থেকে ভোলা জেলার জনগণকে সুরক্ষা দেয়া।